

টেলিগ্রাম
বাংলাব্যাংক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিপার্টমেন্ট অফ অফসাইট সুপারভিশন

ফ্যাক্সযোগে প্রেরিত

ডিওএস সার্কুলার লেটার নং-০৪

০৫ মাঘ, ১৪১১
তারিখ : -----
১৮ জানুয়ারী, ২০০৫

**প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।**

প্রিয় মহোদয়,

ছুটির দিনে বন্দর ও কাষ্টমস হাউজ এলাকায় ব্যাংকের শাখা খোলা রাখা পুসংগে।

উপরোক্ত বিষয়ে ১৬-০১-২০০৫ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

২। রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের আমদানি ও রপ্তানি কার্যক্রম সচল রাখার উদ্দেশ্যে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০-০১-২০০৫ তারিখে, প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরণ সাপেক্ষে, সোনালী ও জনতা ব্যাংকের ঢাকা, চট্টগ্রাম, বেনাপোল কাষ্টম হাউজের শাখাসমূহ এবং কমলাপুর আইসিডি, ডিইপিজেড ও সিইপিজেডস্থ শাখাসমূহ সকাল ৯.০০ টা থেকে অপরাহ্ন ২.০০ টা পর্যন্ত খোলা রাখার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

৩। উল্লেখিত ব্যাংক দু'টি ছাড়াও কোন ব্যাংক ২০ জানুয়ারি ২০০৫ তারিখে সীমিত লেনদেন পরিচালনার উদ্দেশ্যে তাদের সকল অথবা সুনির্দিষ্ট কিছু শাখা খোলা রাখতে চাইলে, যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতঃ উক্ত দিন সকাল ৯.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত খোলা রাখতে পারবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ মোস্তফা)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৬